

(প্রেস বিজ্ঞপ্তি)

০৩ এপ্রিল ২০২২

চসিক ভ্রাম্যমাণ আদালতের
**চাক্কাই হিফস এথ্রো ফুড ইন্ডাস্ট্রিসকে ১ লক্ষ টাকা জরিমানা
ও কর্ণেলহাট বাজার মনিটরিং**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ রবিবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী পরিচালিত আদালত চাক্কাই আমিন হাজী রোডস্থ হিফস এথ্রো ফুড ইন্ডাস্ট্রিসকে অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশে ভোগ্যপন্য উৎপাদন করার অপরাধে ১ লক্ষ টাকা জরিমানা করা হয়। এছাড়াও পবিত্র রমজান মাস উপলক্ষে দ্রব্যমূল্য স্থিতিশীল রাখার লক্ষ্যে কর্ণেলহাট বাজার মনিটরিং ও মূল্য তালিকা যাচাই করা হয়। এই সময় ব্যবসা প্রতিষ্ঠানে মূল্য তালিকা না টাঙ্গানোর দায়ে ৬ ব্যবসায়ীর বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৩ হাজার ৫ শত টাকা জরিমানা করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩